

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারি ২৮, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(তঞ্চ)

প্রজ্ঞাপন

তারিখ, ২৮ জানুয়ারি ২০০২/১৫ মাঘ ১৪০৮

এস, আর, ও নং ২২-আইন/২০০২/১৯৩৬/তঞ্চ—Customs Act, 1969 (IV of 1969) এর section-219, উক্ত Act এর THIRD SCHEDULE এর item 17 এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড যাত্রী (অপর্যটক) ব্যাগেজ (আমদানি) বিধিমালা, ২০০০ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :-

উপরি-উক্ত বিধিমালার—

(ক) তফসিল-১ এর—

(অ) ব্যাগেজ ঘোষণা পত্রের ফরম এর “৫(পাঁচ) কেজি” এবং “৫(পাঁচ) কেজির” সংখ্যাগুলি, বন্ধনীগুলি ও শব্দগুলির পরিবর্তে যথাক্রমে “১০(দশ) কেজি” এবং “১০(দশ) কেজির” সংখ্যাগুলি, বন্ধনীগুলি ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(আ) তঞ্চ কর আরোপযোগ্য পণ্যের সংক্ষিপ্ত তালিকার অনুচ্ছেদ (ঘ)এর ক্রমিক নং (১৩) এবং তৎসংশ্লিষ্ট এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :-

(৪৬৯)

মূল্য : টাকা ১.০০

“(১৩)স্বর্ণবার বা স্বর্ণপিণ্ড (সর্বোচ্চ ১০ কেজি) ২৫০/- টাকা (প্রতি ১১.৬৬৪ গ্রাম)।”

(খ) তফসিল-৩ এর ক্রমিক নং ১৩ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“(১৩)স্বর্ণবার বা স্বর্ণপিণ্ড (সর্বোচ্চ ১০ কেজি) ২৫০/- টাকা (প্রতি ১১.৬৬৪ গ্রাম)।”

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

আব্দুল মান্নান পাটোয়ারী
প্রথম সচিব (শুল্ক)।